



স্মারক নং-৫৭.১৭.০০০০.১০৩.৩৪.০৭৬.১৯/৫২৬

তারিখ : ১২-১১-২০১৯

### নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের ছকে বর্ণিত বাতিলকৃত পুরাতন কাগজ (ব্যবহৃত উত্তরপত্র, কাগজের কাটা অংশ, কভার/ খাস্তা ও বিভিন্ন ফরম/লিখো) নিলামে বিক্রয়ের লক্ষ্যে ক্রয়কারি প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফর্ম যথাযথভাবে পূরণ করে সীলমোহর ও গালায়ুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | মালামালের বিবরণ             | পরিমাণ (আনুমানিক) |
|-----------|-----------------------------|-------------------|
| ০১.       | উত্তরপত্র                   | ৫০,০০০ কেজি       |
| ০২.       | সাদা কাগজের কাটা অংশ/ অফকাট | ৫০০ কেজি          |
| ০৩.       | রিম কাগজের কভার (খাস্তা)    | ৫০০ কেজি          |
| ০৪.       | বিভিন্ন ফরম/লিখো            | ১,০০০ কেজি        |

১. নিলাম কোটেশন ফর্ম আগামী ২৪-১১-২০১৯ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা এর নতুন ভবনের (৪র্থ তলা) প্রশাসন বিভাগের স্টোর শাখা হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
২. আগামী ২৫-১১-২০১৯ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত নির্ধারিত সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে "সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭" এর বরাবরে প্রেরণ করা যাবে এবং ঐ দিনই বেলা ২.০০ টায় অত্র বোর্ডের নতুন ভবনের তৃতীয় তলায় সভাকক্ষে সংশ্লিষ্ট কমিটির উপস্থিতিতে দরপত্র খোলা হবে। দরদাতাগণ ইচ্ছা করলে (একজন করে) দরপত্র খোলার সময় উপস্থিত থাকতে পারবেন।
৩. কোন দরদাতা কর্তৃক বা দরদাতার সঙ্গে অন্য কোন দরদাতা অথবা অত্র বোর্ডের কোন কর্মকর্তা/কর্মচারিকে কোনরূপ ভয়-ভীতি প্রদর্শন বা অন্য কোন উপায়ে প্রভাবিত করণের মাধ্যমে দরপত্র দাখিলে বাধা প্রদানের অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট দরদাতার দরপত্রটি বাতিলপূর্বক অভিযুক্তকে রাষ্ট্রিয় আইন-শৃংখলারক্ষাকারী কর্তৃপক্ষের হাতে সোপর্দ করা হবে।
৪. দরদাতাগণ যে কোন একটি আইটেমের বা একাধিক আইটেমের অথবা সকল আইটেমের দর দাখিল করতে পারবে, তবে একই ব্যক্তি কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানের নামে একাধিক দরপত্র দাখিল করা যাবে না। প্রাপ্ত দরপত্র আইটেম ভিত্তিক মূল্যায়ন করা যেতে পারে। প্রত্যেক দরদাতাকে তার দরপত্রে উল্লিখিত মোট টাকার ৩০% (ফেরতযোগ্য) জামানত হিসেবে পে-অর্ডার অত্র বোর্ডের সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর জমা দিতে হবে।
৫. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের উপস্থিতিতে সকল মালামাল বোর্ড কর্তৃক নিজস্ব লেবারের মাধ্যমে ওজন করে সরবরাহ দেয়া হবে।
৬. কোটেশনে উল্লেখিত দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(মোঃ মাহাবুবুর রহমান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯১১৫৪২৮ (অফিস)

স্মারক নং-৫৭.১৭.০০০০.১০৩.৩৪.০৭৬.১৯/৫২৬ (৯)

তারিখ : ১২-১১-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো এবং আপনার দপ্তরের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো :-

১। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

২। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

৩। প্রধান প্রকৌশলী, ফ্যাসালিটিজ ডিপার্টমেন্ট, শিক্ষা ভবন, ঢাকা

৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)

৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

৬-৮। নোটিশ বোর্ড, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভবন, সমাজ সেবা অধিদপ্তর/ এলজিইডি, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৯। মেসার্স

(মোঃ গোলাম কীওয়ার)

প্রকিউরমেন্ট অফিসার

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭